গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা

বিষয়: "Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-2)" শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ১ম সংশোধিত ডিপিপি'র উপর অনুষ্ঠিত প্রকল্প যাচাই কমিটির সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | নাজমুল আহসান<br>সচিব |
| সভার তারিখ | ১১ অক্টোবর, ২০২৩ |
| সভার সময় | বেলা ১২:৩০ ঘটিকা |
| স্থান | পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

**০১। উপস্থাপনা:**

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।সভাপতির অনুমতিক্রমে সভাকে অবহিত করা হয় যে, "Flood and Riverbank Erosion Risk Management Investment Program (FRERMIP) (Project-2)" শীর্ষক প্রকল্পটি ১,৮০,৩০৬.৮১ লক্ষ টাকা (জিওবিঃ ৩২,১৭৩.৯০ লক্ষ টাকা, প্রকল্প সাহায্যঃ ১,৪৮,১৩২.৯১ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০২২ হতে ডিসেম্বর, ২০২৫ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ২৫ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। জিওবি অনুদানের পাশাপাশি এডিবি'র প্রকল্প ঋণ ও রাজকীয় নেদারল্যান্ড সরকারের অনুদানে বাস্তবায়নাধীন এ প্রকল্পে এডিবি'র ঋণচুক্তির মেয়াদকাল ২৬ জুন, ২০২৪ পর্যন্ত। প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো ৩০ কি.মি. নদী তীর সংরক্ষণ কাজ, ৭.৯০ কি.মি. বাঁধ নির্মাণ, ২টি রেগুলেটর নির্মাণ, পূর্বেকার বাস্তবায়িত নদী তীর সংরক্ষণ কাজের শক্তিশালীকরণ ও ভাঙ্গনকবলিত নদী তীরে প্রিকওশনারী ইমার্জেন্সি ওয়ার্কের মাধ্যমে যমুনা ও পদ্মা নদী তীরবর্তী ভাঙ্গনকবলিত অঞ্চলে বসবাসরত জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন, দারিদ্র বিমোচন ও টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে সহায়তা করা। এক্ষণে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক ১,৮০,২৩৬.১৭ লক্ষ টাকা (জিওবিঃ ৩৫,৮০১.০৩ লক্ষ টাকা, প্রকল্প সাহায্যঃ ১,৪৪,৪৩৫.১৪ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০২২ হতে ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত মেয়াদে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত আরডিপিপি'র ব্যয় প্রাক্কলন মূল ডিপিপি অপেক্ষা ৭০.৬৪ লক্ষ টাকা (০.০৩৯%) কম। সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি ২৫.৮৬%। সভাপতির আহবানে অতঃপর সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক সংশোধিত ডিপিপি প্রস্তাবের অঙ্গ এবং কোড ভিত্তিক সার-সংক্ষেপ সভায় উপস্থাপন করেন।

**০২। আলোচনা:**

প্রস্তাবিত আরডিপিপিতে প্রকল্পের বিদ্যমান অঙ্গসমূহের পরিমাণগত সংযোজন/ বিয়োজনের প্রেক্ষিত নিয়ে আলোচনার সূত্রপাত করা হয়। প্রকল্প পরিচালক জানান যে, মার্কিন ডলার এর তুলনায় টাকার মূল্যমান হ্রাস, ২০১৮-১৯ সালে সমীক্ষাকালীন অবস্থার তুলনায় নদীর বর্তমান মরফোলজিক্যাল পরিবর্তন এবং ঋণচুক্তির মেয়াদ অনুযায়ী সময়ের স্বল্পতাসহ অন্যান্য কারণে কিছু ভৌত ও সেবা ক্রয় প্যাকেজ বাস্তবায়ন পরিহারের বিষয়ে প্রকল্পের ডিপিপি অনুযায়ী গঠিত কারিগরী কমিটি তথা বাপাউবো এবং এডিবি উভয় পক্ষই সম্মত হয়েছে। উক্ত প্যাকেজসমূহ বাদ দেয়া এবং অপরাপর বিভিন্ন প্যাকেজের দরদাতা কর্তৃক অনুমোদিত প্রাক্কলনের তুলনায় নিম্নদর উদ্ধৃতকরণ ইত্যাদি কারণে প্রকল্পে প্রায় ৭০ মিলিয়ন ডলার এডিবি'র ঋণ সাশ্রয় হয়। উক্ত প্রেক্ষাপটে বিগতে সময়ে অনুষ্ঠিত এডিবি'র Inception Mission,

Mid-Term Review Mission ও Tripartite Portfolio Review Meeting (TPRM) এর সিদ্ধান্ত অনুযায়ী এডিবি'র ঋণ আংশিক (৩০ মিলিয়ন ডলার) মন্ত্রণালয়ের মাধ্যমে ফেরত প্রদানের বিষয়টি বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্প পরিচালক আরো জানান যে, অবশিষ্ট অব্যয়িত অর্থ দ্বারা প্রকল্প এলাকায় বাস্তবায়নাধীন কাজের উজানে ও ভাটিতে নদীর মরফোলজিক্যাল পরিবর্তনের কারণে ভাঙ্গনপ্রবণ অধিক ঝুঁকিপূর্ণ ৪টি এলাকায় নতুন তীর প্রতিরক্ষা কাজ গ্রহণের বিষয়ে এডিবি সম্মত হয়েছে। প্রস্তাবিত আরডিপিপিতে জমি অধিগ্রহণের পরিমান প্রকল্পের মূল ডিপিপিতে অধিগ্রহণের জন্য সংস্থানকৃত জমির পরিমান হতে উল্লেখযোগ্য ভাবে কমানো হলেও এ বাবদ ব্যয় প্রাক্কলন প্রায় ৬৪ কোটি টাকা বৃদ্ধির যৌক্তিকতা নিয়ে প্রশ্নের জবাবে প্রকল্প পরিচালক জানান যে, এডিবি'র Mid-Term Review Mission এ ওয়েভ প্রটেকশনসংশ্লিষ্ট ৪টি প্যাকেজ কার্য ক্রয় প্যাকেজ বাদ দেয়ার সুপারিশ করা হয়েছে যাতে প্রায় ৭৫ হেক্টর জমি অধিগ্রহণের প্রয়োজনীয়তা হ্রাস পায়। কেবলমাত্র W-10 প্যাকেজসংশ্লিষ্ট ৭.৯ কিমি বাঁধ নির্মাণের জন্য কমবেশি ২৮ হেক্টর জমি অধিগ্রহণের প্রয়োজন। জমি অধিগ্রহণজনিত ব্যয় প্রাক্কলনের ভিত্তি হিসেবে সংশ্লিষ্ট এলাকার জমির গড় মৌজামূল্য বিবেচনাপূর্বক পরামর্শক টিমের সহযোগিতায় সরকারী নীতিমালা অনুযায়ী অধিগ্রহণজনিত ক্ষতিপূরণ দাবী মেটানোর জন্য সম্ভাব্য ব্যয় নির্ধারণ করা হয়েছে। আলোচনান্তে জমি অধিগ্রহণের জন্য প্রাক্কলিত ব্যয়ের সমর্থনে জেলা প্রশাসকের কার্যালয়ের এতদসংক্রান্ত ডকুমেন্টস ডিপিপিতে সংযোজনের বিষয়ে গুরুত্বারোপ করা হয় এবং পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী প্রকল্প মেয়াদে প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে জমি অধিগ্রহণ কাজ সম্পন্ন করে রাখা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়।

২.২। সভায় নতুন প্রস্তাবিত ৪টি স্থানে অতিরিক্ত ১২.৩০ কি.মি. নদী তীর সংরক্ষণ কাজ ও প্রকল্প এলাকায় অতিরিক্ত ৩.০০ কি.মি. ইমার্জেন্সি কাজ অন্তর্ভুক্তকরণ বিষয়ে আলোচনা হয়। বাস্তবায়নাধীন কাজের স্থায়িত্ব, নদী তীরে ব্যাপক ভাঙ্গন রোধ ইত্যাদি কারণে নতুন কাজ গ্রহণের আবশ্যকতা, এডিবি'র Mid-Term Review Mission এর Aide Memoire তে সম্মতির পাশাপাশি প্রস্তাবিত প্রত্যেকটি কাজের সপক্ষে স্থানীয় মাননীয় সংসদ সদস্যদের প্রদত্ত ডিও লেটার এবং অতীতে পানি সম্পদ মন্ত্রণালয় হতে কিছু কাজ অত্র প্রকল্পের সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্তকরণের নির্দেশনা থাকায় প্রস্তাবিত কাজসমূহ সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্তকরণ করা যেতে পারে মর্মে সভায় একমত পোষন করা হয়।

২.৩। সভার এ পর্যায়ে প্রকল্পভুক্ত W-10 প্যাকেজের আওতায় ৭.৯০ কি.মি. বাঁধ ও ২টি রেগুলেটর নির্মাণ এবং এতদসংশ্লিষ্ট জমি অধিগ্রহণ বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয় গঠিত কমিটির আহবায়ক এবং অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম), বাপাউবো কমিটি কর্তৃক প্রকল্প এলাকা পরিদর্শনে প্রাপ্ত পর্যবেক্ষণ ও সুপারিশ সম্পর্কে সভাকে অবহিত করেন। আলোচনান্তে কমিটির সুপারিশমালার আলোকে এডিবি'র ঋণের মেয়াদকালের মধ্যে বাস্তবায়নযোগ্য ভৌত কাজসমূহ একটি প্যাকেজে এবং বাকী কাজসমূহ অপর একটি প্যাকেজে পুনর্বিন্যাসপূর্বক ডিপিপি পুনর্গঠনের বিষয়ে সভায় একমত পোষন করা হয়।

২.৪। আলোচনার শেষ পর্যায়ে প্রকল্পের বিভিন্ন পরামর্শক সেবা সংক্রান্ত ক্রয় প্যাকেজসমূহে উল্লেখযোগ্য হারে ব্যয় হ্রাসকরণের কারণ এবং এ বিষয়ে এডিবি'র সম্মতির বিষয়ে প্রশ্ন উত্থাপিত হলে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের ISPM পরামর্শকের টার্মস অব রেফারেন্সে বেশ কিছু ব্যক্তি পরামর্শকের কার্যাদি সংযোজন, বেশ কিছু প্যাকেজ একীভূতকরণ, সেলিমাবাদ চ্যানেল ক্লোজার কাজ সংশ্লিষ্ট কিছু পরামর্শক প্যাকেজের প্রয়োজন না থাকা ইত্যাদি নানা কারনে পরামর্শক সেবা সংশ্লিষ্ট অঙ্গসমূহে ব্যয় হ্রাস পেয়েছে এবং এডিবি'র Mid-Term Review Mission এর Aide Memoire তে বিষয়গুলো প্রতিফলিত হয়েছে। তবে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন পরামর্শক সেবা ক্রয় প্যাকেজ Community Based Disaster Management Support অংশে প্রাক্কলন হ্রাসের সপক্ষে উক্ত সংস্থার সম্মতিবাচক ডকুমেন্টস প্রস্তাবিত আরডিপিপিতে সংযোজনের বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

**০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

৩.১। নতুন প্রস্তাবিত ৪টি স্থানে অতিরিক্ত ১২.৩০ কি.মি. নদী তীর সংরক্ষণ কাজ ও প্রকল্প এলাকায় অতিরিক্ত ৩.০০ কি.মি. ইমার্জেন্সি কাজ অন্তর্ভুক্ত করে প্রস্তাবিত সংশোধিত ডিপিপি অনুমোদনার্থে প্রক্রিয়াকরণ করা যায়;

৩.২। প্রকল্পভুক্ত W-10 প্যাকেজ এবং এতদসংশ্লিষ্ট জমি অধিগ্রহণ বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটির প্রতিবেদনের আলোকে এবং কমিটির সুপারিশ অনুযায়ী ১ম সংশোধিত ডিপিপি পুনর্গঠন করতে হবে;

৩৩। জমি অধিগ্রহণের পরিমাণ হ্রাস হলে প্রকল্পের উদ্দেশ্য ব্যাহত হবে না মর্মে প্রকল্প পরিচালকের প্রত্যয়ন এবং পরিবর্তিত ব্যয় প্রাক্কলনের ভিত্তি তথা যথার্থতা বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি ১ম সংশোধিত ডিপিপি'তে সংযুক্ত করতে হবে;

৩.৪। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন Community Based Disaster Management Support অংশে প্রাক্কলন হ্রাসের স্বপক্ষে সংশ্লিষ্ট সংস্থার মতামত/সম্মতিপত্র ১ম সংশোধিত ডিপিপি'তে সংযুক্ত করতে হবে;

৩.৫। DPA হেড়ে Interest Charge খাতে ব্যয় হ্রাসে এডিবি সম্মত রয়েছে মর্মে উল্লেখ্য Aide Memoire এর সংশ্লিষ্ট পাতা ১ম সংশোধিত ডিপিপি'তে সংযুক্ত করতে হবে। একইসাথে প্রকল্প সাহায্য অংশের ৩০ মিলিয়ন অর্থ সর্মপণের বিষয়ে এডিবি'র সম্মতি রয়েছে সে প্রমানকও (Aide Memoire এর সংশ্লিষ্ট পাতা) সংযুক্ত করা আবশ্যক;

৩.৬। একনেক সভার অনুশাসন অনুযায়ী সংশোধিত ডিপিপি'তে অঙ্গভিত্তিক পরিমাণের বিপরীতে "থোক" শব্দের ব্যবহার পরিহার করতে হবে;

৩.৭। পুনর্গঠিত ১ম সংশোধিত ডিপিপি যাচাই সভা'র কার্যবিবরনী জারির ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে; এবং

৩.৮। যাচাই সভা'র সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত আরডিপিপি মন্ত্রণালয়ে প্রাপ্তির পর দ্রুত ডিপিইসি সভায় উপস্থাপন করতে হবে।

০৪। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজমুল আহসান
সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৯.১৪.০১৬.২০-৩৫৫

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩০
১৬ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।

২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।

৩) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪) যুগ্মসচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।

৫) যুগ্মসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

৬) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৭) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) প্রধান প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৯) প্রধান প্রকৌশলী, ডিজাইন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১০) উপসচিব, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১১) উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) উপসচিব, উন্নয়ন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৩) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৪) প্রকল্প পরিচালক, "Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-2)" শীর্ষক প্রকল্প, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা

১৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, "Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-2)" শীর্ষক প্রকল্প, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা

১৬) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৫ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৭) নির্বাহী প্রকৌশলী-১, "Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-2)" শীর্ষক প্রকল্প, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা

১৮) নির্বাহী প্রকৌশলী-২, "Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-2)" শীর্ষক প্রকল্প, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা

১৯) উপ-বিভাগীয় প্রকৌশলী, "Flood and Riverbank Erosion Risk Management Investment Program (Project-2)" শীর্ষক প্রকল্প, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা

শাহ ইয়ামিন-উল ইসলাম
উপসচিব